গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল।
কলেজ কোড : ১১১০ (জা: বি:), ০২৩৪ (মাউশি), ১৮২৫ (বোর্ড) ই.আই.ন : ১০০৮৭৬, ফোন : ০৪৩১-৬৪৯০৮
Website : www.gshac.gov.bd E-mail : hatemalicollegebarisal@yahoo.com

স্মারক নং- জি.এস.এইচ.এ.সি/ তারিখ ঃ ..........

## ডিগ্রী (পাস) ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ৩০/১১/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ডিগ্রী (পাস) ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অদ্য ৩০/১১/২০২২ তারিখ ২য় মেধাতালিকা প্রকাশ করা হবে। উক্ত তালিকার সুপারিশকৃত শিক্ষার্থীরা ৩০/১১/২০২২ থেকে ০৭/১২/২০২২ তারিখ পর্যন্ত ফরমের পিডিএফ কপি ডাউনলোড করতে পারবে।

- Applicant Login অপশন থেকে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে ফরমের পিডিএফ কপি ডাউনলোড করতে হবে।
- **ডাউনলোডকৃত চূড়ান্ত ভর্তি ফরম অনার্স ভবনের ২য় তলায় ব্যবস্থাপনা বিভাগে ভর্তি কমিটির নিকট প্রদর্শনপূর্বক কলেজের নির্ধারিত ভর্তি ফর্ম গ্রহণ করে শ্রেণি রোল সংগ্রহ করবে। শ্রেণি রোল পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি, ভর্তি ফি, বেতন ও সেশন চার্জ বাবদ মোট ৩৫৬৫/- Rocket Apps (রকেট অ্যাপস) এর মাধ্যমে Biller ID : 3298 এ জমা করতে হবে। Bill No এর ঘরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের Admission Roll ও প্রাপ্ত শাখা লিখতে হবে।**
- ভর্তি ফরমের সাথে শিক্ষার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপট ও ০২টি করে ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি জমা দিতে হবে।
- শিক্ষার্থীরা উল্লিখিত কাগজপত্রসহ আবেদন ফরম, রকেট এ্যাপস এ জমাকৃত ফি'র প্রিন্ট কপি ভর্তি কমিটির নিকট জমা দেয়ার পরে রেজিস্টারে স্বাক্ষর করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

**অনার্স ভবনের ২য় তলায় ব্যবস্থাপনা বিভাগে ভর্তি কমিটির নিকট ফরম জমাদানের শেষ তারিখ ০৮/১২/২০২২ খ্রি. পর্যন্ত। সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে।**

**প্রয়োজনে- ০১) জনাব এইচ.এম. শহিদুল ইসলাম, সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা- ০১৭১৮৯১২১৯২।**
**০২) জনাব নয়ন বালা, প্রভাষক, কৃষিশিক্ষা- ০১৭২৩৩৫২০৮৯।**

অধ্যক্ষ
সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ
বরিশাল

আহবায়ক ৩০/১১/22
ডিগ্রি (পাস) ভর্তি কমিটি (২০২১-২২)
সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল।

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/২৬৭০ তারিখ: ২২/১১/২০২২

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন, ২য় মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও ২য় মেধা তালিকা ৩০ নভেম্বর ২০২২ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল **SMS (nu<space>atdg<space>roll no.** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **(www.nu.ac.bd/admissions)** রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ০৬ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অব্যশই চূড়ান্ত ভর্তি ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে **Yes** অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর কোর্স পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে মেধার ভিত্তিতে কোর্স পরিবর্তন করা হবে। এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে।

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে**

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের কোর্স পরিবর্তন হবে তাদের পরিবর্তিত কোর্সের ভর্তি ফরম এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সের ভর্তি বহাল থাকবে।<br>ক) কোর্স পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>খ) কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ৩০/১১/২০২২ থেকে ০৭/১২/২০২২ |
| ২) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Applicant Login** অপশনে **Degree Pass Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ৩০/১১/২০২২ থেকে ০৭/১২/২০২২ |
| ৩) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ০১/১২/২০২২ থেকে ০৮/১২/২০২২ |
| ৪) | কলেজ কর্তৃক ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে অনলাইনে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ০১/১২/২০২২ থেকে ১১/১২/২০২২ |
| ৫) | কলেজ কর্তৃক ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Degp.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১২/১২/২০২২ থেকে ১৮/১২/২০২২ |

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২২.১১.২০২২

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮
ইমেইল: *degpassnu@gmail.com*

স্মারক নং-১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/২৬৭০ তারিখ: ২২/১১/২০২২

অনুলিপি ঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি

২২.১১.২০২২

(মোহাম্মদ হোসেন)
উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪